গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

## বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুলাই'২০২৬ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব সায়েকুল হাসান খান
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১৪ জুলাই'২০২৬ খ্রিস্টাব্দ

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভার আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত জুন'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় জুন'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, হাসপাতালে সার্বক্ষণিক বিদ্যুৎ না থাকায় রোগিদের জরুরী চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম ব্যহত হচ্ছে। রোগিদের জরুরী চিকিৎসা সেবা নিশ্চিতকল্পে হাসপাতালে হাইব্রিট সোলার প্যানেল স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, অত্র উপজেলার মোট সক্ষম দম্পত্তি ২০,৫২৩ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ১৫৮৭২ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর হার ৭৭.৩৪%, মোট জীবিত জন্ম সংখ্যা-৭ জন ও মৃত্যুর সংখ্যা-২০ জন। মোট গর্ভবর্তীর সংখ্যা ৫৪৩ জন। তার মধ্যে গর্ভবর্তীকে সেবা দেয়া হয়েছে ১৮০ জন ও প্রসব পরবর্তী সেবা দেয়া হয়েছে ২৪ জন। নয়াচর বাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের একটি রুম অস্থায়ী ভাবে মোহনগঞ্জ স্বাস্থ্য কেন্দ্র হিসাবে পরিচালনার লক্ষ্যে বরাদ্দ দেয়ার অনুরোধ জানান। | ০১। চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। নয়াচর বাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের একটি রুম ব্যবহারের অনুমতি প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, বর্তমানে আমন মৌসুমে প্রায় ১৮৯০ হেঃ জমিতে আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা | ফসলের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরিদর্শন ও কৃষককে পরামর্শ প্রদান এবং অনাবাদি পতিত | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়েছে। বীজতলায় বীজ বপন চলমান রয়েছে। অতিবৃষ্টি/বন্যার কারণে কৃষকদের ফসল চাষে বিভিন্ন প্রযুক্তি বিষয়ের পরামর্শ প্রদান করা হচ্ছে। বন্যা পরবর্তী শাকসবজি ও অন্যান্য ফসল চাষে পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রী কৃষক কার্ড প্রনয়নে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। চর রাজিবপুর উপজেলার সদর ইউনিয়নের রাজিবপুর-২ ব্লকে ১ম পর্যায়ে কার্যক্রম শুরু হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে সারা উপজেলায় সম্পন্ন হবে। বর্তমানে সার ও কীটনাশকের সরবরাহ স্বাভাবিক রয়েছে এবং জমির স্বাস্থ্য রক্ষায় সার ব্যবহারের পরামর্শ দেয়া হচ্ছে। বৃক্ষরোপন কার্যক্রম চলমান রয়েছে। এ বর্ষা মৌসুমে বাড়ির আঙ্গিনায় ও ফাঁকা জায়গায় চারা রোপনের জন্য বলা হচ্ছে। এছাড়া খাদ্য ও পুষ্টি বিষয়ক সব ধরণের কার্যক্রম চলমান। সভায় আলোচনা শেষে পার্শ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | জমিতে শাক-সবজিসহ অন্যান্য কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ মৎস্য চাষ বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, গত অর্থবছরের বার্ষিক লক্ষ্যমাত্রা গড়ে শতভাগ এবং কোন কোন ক্ষেত্রে শতভাগের বেশি অর্জিত হয়েছে। গত অর্থবছরে খামার নিবন্ধন ও নবায়ন, টিকা প্রদান এবং কৃত্রিম প্রজনন সেবার মূল্য বাবদ সরকারি কোষাগারে সর্বমোট ২,৭৮,৪৭৫/- জমা প্রদান করা হয়েছে। বর্তমান অর্থবছরের বার্ষিক লক্ষ্য মাত্রা অর্জনে বিভাগীয় এছাড়াও খামারিদের পরামর্শ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সেবার মান ও সেবাগ্রহিতারগণের সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের মাধ্যমে সেবাগ্রহিতাগণের বসার জন্য বসার ছাউনি এবং যানবাহন স্ট্যান্ড আশু প্রয়োজন মর্মে সভায় অনুরোধ করেন। বন্যাকালীন পরিস্থিতি মোকাবেলায় ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে পাশ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ স্বাস্থ্য সম্মত মাংস পেতে পশু জবাইয়ের পূর্বে পশুর স্বাস্থ্য পরীক্ষা ও দুগ্ধ উৎপাদন খামার নিয়মিত পরিদর্শন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরের কাবিটা,কাবিখা, টিআর প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। দুর্যোগ মোকাবিলায় পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। বন্যা আশ্রয়কেন্দ্রের ০২টির মধ্যে ০১টি সমাপ্ত হয়েছে ০১টির কাজ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | সকল ভাতার তালিকা বিধি মোতাবেক উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ মানসম্মত শিক্ষা ব্যবস্থা চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ভিডব্লিউবি (VWB) কর্মসূচির চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। বেগম রোকেয়া পদক ২০২৬ এর মনোনয়নের আবেদন আহবান ৩১ জুলাই ২০২৬। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ মা ও শিশু সহায়তা খাতে গর্ভবতী নারীদের তালিকা প্রণয়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নতুন কুঁড়ি রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপসহকারী প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত খাত হতে উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টার মেরামত ও সংস্কার করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশনের (RFQ) মাধ্যমে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>প্রকল্প ঃ<br>০১। উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহের (০৩, ০৪ ও ০৫ নং কোয়ার্টার) প্রয়োজনীয় মেরামত ও সংস্কারকরণ- ৬,০০,০০০/- (ছয়লক্ষ) টাকা।<br>তিনি আরও জানান যে, এছাড়াও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্থ রাস্তা জরুরী মেরামত ও সংস্কার করা যেতে পারে। | ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত খাত হতে উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহের (০৩, ০৪ ও ০৫ নং কোয়ার্টার) প্রয়োজনীয় মেরামত ও সংস্কার কাজ প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশনের (RFQ) মাধ্যমে বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, মানব সম্পদ গ্রামীণ অবকাঠামো স্যানিটেশন ও পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৫টি গভীর নলকূপ স্থাপন করা হয় এবং ৩২ টিতে বিদ্যুৎ সংযোগ থাকায় সুবিধাভোগীগণ নিরাপদ পানি ব্যবহার করছেন এবং ৩টিতে বিদ্যুৎ সংযোগ না থাকায় পানি ব্যবহার করতে পারছে না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৬ সালে অনুষ্ঠিত এইচএসসি, এইচএসসি (বিএমটি) ও আলিম পরীক্ষা সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে চলমান। চলতি মাসের ১৬ জুলাই হতে'২০২৬ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা শুরু হবে। সুষ্ঠুভাবে ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। মাধ্যমিক বিদ্যালয়ে অর্ধবার্ষিক পরীক্ষা চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৭ | **উপজেলা পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৬-২০২৭ অর্থ বছরে জুলাই'২০২৬ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। ২০২৬-২০২৭ অর্থ বছরে জুলাই'২০২৬ খ্রিঃ মাসের জরুরী প্রয়োজনে উপজেলা পরিষদ ভবনের পার্শ্বে ভাঙ্গা মেরামত বাবদ =৩১,৯৭০/- (একত্রিশ হাজার নয়শত সত্তর) টাকা।<br>০২। জুলাই'২০২৬ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। জুলাই'২০২৬ খ্রিঃ মাসের অফিস আনুষঙ্গিক (অফসেট পেপার, ফাইলবোর্ড, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। জুলাই'২০২৬ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। জুলাই'২০২৬ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৬। জুলাই'২০২৬ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী বাবদ (৭০০×২৬ দিন) =১৮,২০০/- (আঠারো হাজার দুইশত) টাকা।<br>০৭। জুলাই'২০২৬ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী বাবদ (৭০০×২৬ দিন) =১৮,২০০/- (আঠারো হাজার দুইশত) টাকা।<br>০৮। জুলাই'২০২৬ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৯। ২০২৬-২০২৭ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি মেরামত বাবদ ব্যয় =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। | ২০২৬-২০২৭ অর্থ বছরে জুলাই'২০২৬ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১০। ২০২৬-২০২৭ অর্থ বছরে জুলাই'২০২৬ মাসে বর্জ্য ব্যবস্থাপনা ব্যয় =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>১১। ২০২৬-২০২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের জুলাই'২০২৬ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ =৬,৪৪০/- (ছয় হাজার চারশত চল্লিশ) টাকা। | | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮(১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর ইউনিয়নে অতিবৃষ্টির কারণে বিভিন্ন রাস্তা ভেঙ্গে জনসাধারণের চলাচলের সমস্যা সৃষ্টি হয়েছে। বসতবাড়ীর পার্শ্বে, রাস্তায় ঝুকিপূর্ণ ও মরা গাছ জরুরী অপসারণ করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের প্রাপ্ত বরাদ্দ মোতাবেক প্রকল্প অনুমোদন প্রয়োজন। পূর্ব জালচিরা পাড়া বেরীবাধ দুই জায়গায় ভেঙ্গে গেছে জরুরী ভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | রাজিবপুর ইউনিয়নে অতিবৃষ্টির কারণে ভাঙ্গা রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর<br>০২। চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় কোদালকাটি ইউনিয়ন পরিষদের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর পদ শুন্য থাকায় স্বাভাবিক কার্যক্রম ব্যহত হচ্ছে। এমতাবস্থায়, বিধি মোতাবেক মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে ০১(এক) জন দফাদার এবং ২, ৩, ৪, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে মহল্লাদার এর শুন্য পদে জনবল নিয়োগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনা শেষে পাশ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে ০১(এক) জন দফাদার এবং ২, ৩, ৪, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে মহল্লাদার এর শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম<br>০২। প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(৫) | **উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টারের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(৭) | **সাব-রেজিস্ট্রার বিভাগ** | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(৮) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(৯) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নিরাপত্তা রক্ষার্থে হাসপাতালে ১০ জন আনসার মোতায়েন করা হয়েছে। নির্বাচনে ডিউটির জন্য অনলাইনে আবেদন চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১২) | **পল্লী সঞ্চয় ব্যাংক** (আমার বাড়ি আমার খামার) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৩) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৪) | **তথ্য আপাঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৫) | **পল্লী বিদ্যুৎ সমিতি বিভাগ** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুতের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৬) (ক) উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ) ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =৫,০০,০০০/-(পাঁচলক্ষ) টাকা ব্যয় করে উপজেলা পরিষদ ভবনের নিচতলা ও সভাকক্ষে সার্বক্ষনিক বিদ্যুতায়নের জন্য হাইব্রিট সোলার প্যানেল স্থাপন করা যেতে পারে। সভার সিদ্ধান্ত মোতাবেক বিধি অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করে কোটেশন (RFQ) আহবানপূর্বক ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবনের নিচতলা ও সভাকক্ষে সার্বক্ষনিক বিদ্যুতায়নের সোলার প্যানেল স্থাপন করা যেতে পারে।

(খ) উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ) ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় আরও জানান যে, ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকা ব্যয় করে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি (ফটোকপি মেশিন, কম্পিউটার, ল্যাপটপ ও প্রিন্টার) ক্রয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করে ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পি.আই.সি কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি (ফটোকপি মেশিন, কম্পিউটার, ল্যাপটপ ও প্রিন্টার) ক্রয় করা যেতে পারে। উল্লেখিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ভবনের নিচতলা ও সভাকক্ষে হাইব্রিট সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে =৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকার মধ্যে বিধি মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক কোটেশন (RFQ) আহবান করে হাইব্রিট সোলার প্যানেল স্থাপন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০৭

০২। ২০২৬-২৭ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদের অফিস সরঞ্জামাদি (ফটোকপি মেশিন, কম্পিউটার, ল্যাপটপ ও প্রিন্টার) ক্রয়ের লক্ষ্যে =৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকার মধ্যে বিধি মোতাবেক প্রাক্কলন প্রস্তুতপূর্বক পি.আই.সি কমিটির মাধ্যমে অফিস সরঞ্জামাদি ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

১৮(১৭) উপজেলা নির্বাহী অফিসার(ভারঃ) ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় আরও জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ২১/০৪/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.০২.২৪-৬৮৮ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের পুরাতন ভবনে পরিদর্শন কক্ষ স্থাপনের নির্দেশনা পাওয়া যায়। উক্ত পরিদর্শন কক্ষে সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০৬/০৫/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৫.৯৯.০৩৬৩.২৬-৭১৮ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে দৈনিক মজুরীর ভিত্তিতে অফিস সহায়ক নিয়োগের নির্দেশনা পাওয়া যায়। পরিদর্শন কক্ষের অফিস সহায়ককে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মজুরী প্রদান করার প্রয়োজন হেতু উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক নং-৪ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, উপজেলা পরিষদের পরিদর্শন কক্ষের অফিস সহায়কের দৈনিক মজুরী পরিশোধ করার জন্য অতিরিক্ত ব্যয়ের বিশেষ প্রয়োজন হেতু প্রস্তাব অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের পরিদর্শন কক্ষের অফিস সহায়কের মজুরী (নির্ধারিত হারে) প্রদানের লক্ষ্যে অতিরিক্ত ব্যয়ের বিশেষ প্রয়োজন হেতু প্রস্তাব অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** চর রাজিবপুর উপজেলা পরিষদের পরিদর্শন কক্ষের অফিস সহায়ককে দৈনিক মজুরী (নির্ধারিত হারে) পরিশোধের জন্য অতিরিক্ত ব্যয়ের বিশেষ প্রয়োজন হেতু প্রস্তাব অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

১৮(১৮) উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ) ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রামের ১নং ও ২নং সুপার মার্কেট-এর কক্ষের ভাড়া বকেয়া রয়েছে। যার ফলে উপজেলা পরিষদের রাজস্ব আয় হ্রাস পাচ্ছে। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন আয় বৃদ্ধির স্বার্থে ১নং সুপার মার্কেট-এর কক্ষের নির্ধারিত মাসিক ভাড়া ৩,০০০/- (তিন হাজার) ও ২নং সুপার মার্কেটের মাসিক ভাড়া ৫০০/- (পাঁচশত) টাকা হারে বকেয়াসহ পরিশোধ করার জন্য তাগিদ পত্র দেয়া যেতে পারে। ভাড়া পরিশোধে ব্যর্থ হলে লীজ বাতিল পূর্বক বিধি মোতাবেক পুনঃলীজ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (০১) উপজেলা পরিষদের ১নং সুপার মার্কেট-এর কক্ষের নির্ধারিত মাসিক ভাড়া ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে বকেয়াসহ উপজেলা পরিষদ সুপার মার্কেটের চলতি হিসাব নং-৫২১৫৯০২০০০৮১৬ তে সোনালী ব্যাংক পিএলসি, রাজিবপুর শাখায় জমা করতঃ জমা রশিদের কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় লীজগ্রহীতার নামে ১নং সুপার মার্কেটের লীজ বাতিলপূর্বক বিধি মোতাবেক পুনঃলীজ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত।

সিদ্ধান্ত ঃ (০২) উপজেলা পরিষদের ২নং সুপার মার্কেট-এর কক্ষের নির্ধারিত মাসিক ভাড়া ৫০০/- (পাঁচশত) হারে বকেয়াসহ উপজেলা পরিষদ সুপার মার্কেটের চলতি হিসাব নং-৫২১৫৯০২০০০৮১৬ তে সোনালী ব্যাংক পিএলসি, রাজিবপুর শাখায় জমা করতঃ জমা রশিদের কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় লীজগ্রহীতার নামে ২নং সুপার মার্কেটের লীজ বাতিলপূর্বক বিধি মোতাবেক পুনঃলীজ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত।

১৮(১৯) উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ) ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেমের বেতন-ভাতা বকেয়া রয়েছে। উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের স্বেচ্ছাধীন অনুদান প্রদানের মাধ্যমে উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেমের বেতন-ভাতা প্রদান করা হয়ে থাকে। অনুদানের হার ও আদায় কম হওয়ায় বেতন-ভাতা বকেয়া রয়েছে মর্মে ইমাম ও মুয়াজ্জিন জানিয়েছেন। এমতাবস্থায়, উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেমের বেতন-ভাতা নিয়মিতভাবে পরিশোধের জন্য আদায় ও মাসিক অনুদানের হার বৃদ্ধি করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০৮

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেমের বেতন-ভাতা প্রদানের লক্ষ্যে প্রতি মাসে ৬ষ্ঠ গ্রেড পর্যন্ত কর্মকর্তা-৫০০/- (পাঁচশত) টাকা, ৭ম হতে ১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তা-৩০০/- (তিনশত) টাকা এবং ১১তম গ্রেড হতে ২০ তম গ্রেড পর্যন্ত কর্মকর্তা/কর্মচারী-১০০/- (একশত) টাকা হারে মাসিক অনুদান প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৭/২৬

(সায়েকুল হাসান খান)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৬-৭৩৭

তারিখ ঃ ৩০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৫। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার পূর্বে প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৬। ........................................................................................... কুড়িগ্রাম।
০৭। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ, ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

২৪/৭/২৬

(সায়েকুল হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ)
চর রাজিবপুর, কুড়িগ্রাম
মোবাইল ঃ ০১৭০৯-৯৭৪৫০৮
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd